| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবা প্রদানকারী | মূল্য সংযোজন কর আরোপের জন্য মূল্যভিত্তি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | | | (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৪৯ | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, মোটর, মিনিবাস, লঞ্চ, স্পীড বোট, ট্রলার বা অন্য স্থলযান বা জলযান ভাড়া প্রদান বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৫০ | S০৫০.০০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট সেবা মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে, দরপত্রে উল্লিখিত মূল্যের) ত্রিশ শতাংশ পরিমাণ অর্থ। |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী | ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের ৩৩.৩৫ শতাংশ পরিমাণ অর্থ; |
| S০৫৯ | S০৫৯.০০ | গ্লাস শীট প্রলেপকারী প্রতিষ্ঠান | গ্লাস কোটিং বা আস্তরন বা প্রলেপ প্রদানের বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থ। তবে উহাতে গ্লাসের মূল্য অন্তর্ভুক্ত হইবে না। |

৩। কর রেয়াত।- (১) বিধি ২ এ বর্ণিত সেবা সমূহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৯ অনুযায়ী কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(২) বিধি ২ এ বর্ণিত কোন সেবা প্রদানকারী আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এ বর্ণিত সর্বমোট প্রাপ্তির ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদান করিলে, উক্ত আইন ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর প্রযোজ্য বিধান ও শর্ত পূরণ সাপেক্ষে, তদকর্তৃক প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
[ এ,এফ,এম আবদুল্লাহ খান ]
দ্বিতীয় সচিব
মূসক (নীতি নির্ধারণ ও বাজেট)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং/ ০৬ই, জুন, ২০০২ ইং।

এস,আর,ও নং- ১১৭-আইন/২০০২/৩৪২-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বোর্ডের ২৫ শে জ্যৈষ্ঠ, ১৪০৭ বাংলা মোতাবেক ৮ই জুন, ২০০০ ইং এর প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭০-আইন/২০০০/ ২৬৯-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের --

(ক) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০০৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

| | | |
|---|---|---|
| "S০০৭ | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা ঃ<br>ব্যাখ্যা ঃ<br>"বিজ্ঞাপনী সংস্থা" অর্থ কোন পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোন প্রচারণার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোন ধরনের বা ধরণের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন যে কোন মাধ্যমে বা অন্য কোন পন্থায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তা করণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।"; |

(খ) কলাম (১) এ উল্লিখিত শিরনাম সংখ্যা S০২৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০২৮ S০২৮.০০ কুরিয়ার (Courier) সার্ভিস ঃ

ব্যাখ্যা ঃ

"কুরিয়ার সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র, পণ্য বা পার্সেল প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরনাম সংখ্যা S০১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত)।" ;

(গ) কলাম (১) এ উল্লিখিত শিরনাম সংখ্যা S০৩৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৩৩ S০৩৩.০০ ইজারাদার ঃ

ব্যাখ্যা ঃ

"ইজারাদার" অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।" ;

(ঘ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৩৭ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত করযোগ্য সেবার ব্যাখ্যায় বর্ণিত "মূল্য সংযোজন কর আরোপযোগ্য" শব্দগুলির পরিবর্তে "যে কোন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঙ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৪৮ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত করযোগ্য সেবার ব্যাখ্যায় বর্ণিত "মূল্য সংযোজন কর আরোপযোগ্য" শব্দগুলির পরিবর্তে "যে কোন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;



(চ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৪৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৪৯ S০৪৯.০০ যানবাহন ভাড়া প্রদানকারী ঃ

ব্যাখ্যা ঃ

"যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত বা বেসরকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরণের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।" ;

(ছ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৫৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"S০৫৬ S০৫৬.০০ ব্যাংকিং সেবা প্রদানকারী ঃ

ব্যাখ্যা ঃ

"ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ কোন রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা কোন আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি কমিশন, ফি বা চার্জের বিনিময়ে ব্যাংকিং সেবা যথাঃ- ঋণপত্র, ব্যাংক গ্যারান্টি, ডিমান্ড ড্রাফট, পে-অর্ডার, টিটি, এমটি ইত্যাদি প্রদান করিয়া থাকেন।" ; এবং

(জ) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ৪০৫৮ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথাঃ-

"৪০৫৯ ৪০৫৯.০০ গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান ঃ

ব্যাখ্যা ঃ

"গ্লাসশীট প্রলেপকারী প্রতিষ্ঠান" অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে গ্লাসশীটের উপর নিজস্ব প্ল্যান্ট বা মেশিনারী দ্বারা প্রতিফলন কোটিং বা আস্তরণ বা প্রলেপ প্রদান করেন এবং সরবরাহকারীর চাহিদা মোতাবেক সাইজ বা আকৃতি প্রদানের নিমিত্তে কাটিং কার্যও সম্পাদন করেন।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ মোঃ রেজাউল হাসান ]
প্রথম সচিব (মূসক)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

আদেশ

ঢাকা, ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং/ ০৬ই, জুন, ২০০২ ইং

এস,আর, ও নং ১১৮–আইন/২০০২/৩৪৩–মূসক।– মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা-৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ১০ ই জুন, ১৯৯৯ ইং মোতাবেক ২৭ শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং তারিখের আদেশ নং ১/মূসক/৯৯/১৮৩, এতদ্দ্বারা বাতিল করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
[ এ,এফ,এম আবদুল্লাহ খান ]
দ্বিতীয় সচিব
মূসক (নীতি নির্ধারণ ও বাজেট)